গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

# পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬
# ও
# পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫

মুদ্রণ ও প্রকাশনা শাখা
(এই আইন ও বিধিমালা নভেম্বর, ২০২৫ সন পর্যন্ত সংশোধিত)

উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
নভেম্বর - ২০২৫

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

# পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬
## (২০০৬ সনের ২৪নং আইন)
## ও
# পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫
## (২০২৫ সনের ৩৮৮ নং এস. আর. ও.)

মুদ্রণ ও প্রকাশনা শাখা
(এই আইন ও বিধিমালা নভেম্বর, ২০২৫ সন পর্যন্ত সংশোধিত)

---

নভেম্বর, ২০২৫

CamScanner

প্রকাশক ■ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
[Rules of Business, 1996 অনুযায়ী]

সংকলন ■ মুদ্রণ ও প্রকাশনা শাখা
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

গ্রন্থস্বত্ব ■ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

প্রকাশকাল ■ নভেম্বর, ২০২৫

প্রচ্ছদ ■ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ■ গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা
মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়

গ্রন্থস্বত্ব প্রকাশক কর্তৃক সংরক্ষিত। প্রকাশকের পূর্বানুমতি
ব্যতীত এই সংকলন মুদ্রণ, প্রকাশ বা বিক্রয় নিষিদ্ধ।

CamScanner

# পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬

## সূচীপত্র


| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন | ১ |
| ২। | সংজ্ঞা | ১ |
| ৩। | প্রয়োগ ও প্রযোজ্যতা | ৫ |
| ৪। | আইনের প্রাধান্য | ৬ |
| ৫। | ক্রয় সংক্রান্ত দলিল প্রস্তুত, বিতরণ ও মূল্যায়ন | ৬ |
| ৬। | উন্মুক্তকরণ (Opening) কমিটি | ৬ |
| ৭। | মূল্যায়ন কমিটি | ৬ |
| ৮। | দরপত্র বা প্রস্তাব অনুমোদন, ইত্যাদি | ৭ |
| ৯। | ক্রয় সংক্রান্ত আইন, ইত্যাদি সাধারণের প্রাপ্যতা | ৭ |
| ১০। | যোগাযোগের ধরন | ৭ |
| ১১। | ক্রয় কৌশল ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন, ইত্যাদি | ৭ |
| ১২। | ক্রয় সংক্রান্ত দলিল | ৮ |
| ১৩। | ক্রয়কার্যে প্রতিযোগিতা | ৮ |
| ১৪। | দরপত্রের মেয়াদ নির্ধারণ, নিরাপত্তা জামানত প্রদান, ইত্যাদি | ৮ |
| ১৫। | বিনির্দেশ (specification) এবং কর্মপরিধি (terms of reference) প্রস্তুত | ৯ |
| ১৬। | টেকসই ক্রয়ের ক্ষেত্রে বিচার্য বিষয় | ৯ |
| ১৭। | দলিলপত্রাদি অনুবাদ ও প্রকাশনা | ১০ |
| ১৮। | ক্রয় প্রক্রিয়ার গোপনীয়তা রক্ষা | ১০ |
| ১৯। | দরপত্র, প্রস্তাব বা কোটেশন বাতিলকরণ | ১০ |
| ২০। | ক্রয় অনুমোদন প্রক্রিয়া ও চুক্তি সম্পাদন নোটিশ | ১০ |
| ২১। | চুক্তি সম্পাদন নোটিশ প্রকাশ এবং অবহিতকরণ | ১০ |
| ২২। | চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা | ১১ |
| ২৩। | ক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | ১১ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৪। | ক্রয় প্রক্রিয়া উত্তর পুনরীক্ষণ | ১১ |
| ২৫। | বৈষম্যহীনতা | ১১ |
| ২৬। | ব্যক্তির যোগ্যতা | ১১ |
| ২৭। | যৌথ উদ্যোগ | ১১ |
| ২৮। | স্বার্থের সংঘাত | ১২ |
| ২৯। | অভিযোগ করিবার অধিকার | ১২ |
| ৩০। | প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট অভিযোগ দায়ের, আপীল, ইত্যাদি | ১২ |
| ৩১। | পণ্য, কার্য, ইত্যাদি ক্রয়ে উন্মুক্ত দরপত্র পদ্ধতির প্রয়োগ | ১৩ |
| ৩২। | পণ্য, কার্য, ইত্যাদি ক্রয়ে অন্যান্য ক্রয় পদ্ধতির প্রয়োগ | ১৩ |
| ৩৩। | পণ্য কার্য, ইত্যাদি ক্রয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতির প্রয়োগ | ১৬ |
| ৩৪। | পণ্য, কার্য, ইত্যাদি ক্রয়ে আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে দুই পর্যায়, কোটেশন ও অন্যান্য পদ্ধতির প্রয়োগ | ১৭ |
| ৩৫। | দূতাবাস এবং বিশেষ ক্ষেত্রে জাতীয় পতাকাবাহী বাহনের জন্য ক্রয় | ১৮ |
| ৩৬। | ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট | ১৯ |
| ৩৭। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে অনুসরণীয় পদ্ধতি | ১৯ |
| ৩৮। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে অন্যান্য পদ্ধতির প্রয়োগ | ১৯ |
| ৩৯। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ে আন্তর্জাতিক পরামর্শক নির্বাচন | ২০ |
| ৪০। | বিজ্ঞাপন | ২১ |
| ৪১। | প্রাক-যোগ্যতা দলিল বিতরণ ও দাখিল | ২২ |
| ৪২। | প্রাক-যোগ্যতার আবেদনপত্র উন্মুক্তকরণ | ২২ |
| ৪৩। | প্রাক-যোগ্যতার আবেদনপত্র মূল্যায়ন ও তৎসম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ | ২২ |
| ৪৪। | দরপত্র দলিল বিক্রয় এবং প্রাক-দরপত্র সভা, ইত্যাদি | ২৩ |
| ৪৫। | দরপত্র দলিলের সংশোধন | ২৩ |
| ৪৬। | দরপত্র প্রস্তুত ও দাখিল | ২৩ |
| ৪৭। | দরপত্র উন্মুক্তকরণ | ২৪ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৪৮। | দরপত্র মূল্যায়ন, ইত্যাদি | ২৪ |
| ৪৯। | পূর্বশর্ত হিসাবে কোন নেগোসিয়েশন বা দরপত্র সংশোধন না করা | ২৫ |
| ৫০। | দরপত্র দাখিল-উত্তর যোগ্যতা যাচাই | ২৬ |
| ৫১। | অনুমোদন প্রক্রিয়া | ২৬ |
| ৫২। | চুক্তি সম্পাদন নোটিশ জারী এবং চুক্তি স্বাক্ষর | ২৬ |
| ৫৩। | দরপত্র প্রক্রিয়ার পরিসমাপ্তি | ২৬ |
| ৫৪। | আগ্রহব্যক্তকরণের আবেদনপত্র দাখিল | ২৬ |
| ৫৫। | আবেদনপত্র উন্মুক্তকরণ | ২৬ |
| ৫৬। | আবেদনপত্র মূল্যায়ন এবং সংক্ষিপ্ত তালিকা অনুমোদন, ইত্যাদি | ২৭ |
| ৫৭। | প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল প্রস্তুত, বিরতণ, ইত্যাদি | ২৭ |
| ৫৮। | প্রস্তাব উন্মুক্তকরণ | ২৭ |
| ৫৯। | প্রস্তাব মূল্যায়ন | ২৭ |
| ৬০। | নেগোসিয়েশন | ২৮ |
| ৬১। | অনুমোদন প্রক্রিয়া | ২৮ |
| ৬২। | চুক্তি স্বাক্ষর | ২৮ |
| ৬৩। | প্রস্তাব প্রক্রিয়ার পরিসমাপ্তি | ২৮ |
| ৬৪। | পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি | ২৯ |
| ৬৫। | ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয় (e-Government Procurement) | ৩০ |
| ৬৬। | কনসেশন চুক্তি সম্পর্কিত বিধান | ৩০ |
| ৬৭। | [বিলুপ্ত] | ৩০ |
| ৬৮। | রাষ্ট্রীয় জরুরী প্রয়োজন, ইত্যাদি ক্ষেত্রে সরকারী ক্রয় সম্পর্কিত বিশেষ বিধান | ৩০ |
| ৬৯। | সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ | ৩০ |
| ৭০। | বিধি প্রণয়নের ক্ষমতা | ৩০ |
| ৭১। | জটিলতা নিরসনে সরকারের ক্ষমতা | ৩১ |
| ৭২। | ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ | ৩১ |
| ৭৩। | রহিতকরণ ও হেফাজত | ৩১ |


CamScanner

# পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫

## সূচীপত্র


| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন | ৩৩ |
| ২। | সংজ্ঞার্থ | ৩৩ |
| ৩। | বিধিমালার প্রযোজ্যতা | ৩৯ |
| ৪। | ক্রয়সংক্রান্ত দলিল এবং উহাতে অন্তর্ভুক্ত বিবরণাদি | ৪০ |
| ৫। | বিশেষ কোনো দরপত্রের ক্ষেত্রে অবশ্যপূরণীয় শর্ত সংশোধন | ৪৩ |
| ৬। | টেকসই ক্রয়ের ক্ষেত্রে বিচার্য বিষয় | ৪৩ |
| ৭। | দরপত্র মূল্য নির্ধারণে অনুসরণীয় বিধান | ৪৪ |
| ৮। | ক্রয়সংক্রান্ত দলিল বিতরণ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ | ৪৫ |
| ৯। | বিনির্দেশ ও প্রাক্কলন কমিটি | ৪৫ |
| ১০। | উন্মুক্তকরণ কমিটি | ৪৫ |
| ১১। | মূল্যায়ন কমিটির গঠন | ৪৫ |
| ১২। | মূল্যায়ন কমিটির বহিঃসদস্য হিসাবে নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা | ৪৮ |
| ১৩। | মূল্যায়ন কমিটির সভায় সভাপতিত্বকরণ | ৪৮ |
| ১৪। | তালিকাভুক্তিকরণ কমিটি (Enlistment committee) গঠন | ৪৯ |
| ১৫। | ভেরিয়েশন প্রতিপাদন কমিটি (Variation assessment committee) গঠন | ৪৯ |
| ১৬। | কারিগরি পরীক্ষণ ও গ্রহণ কমিটি (Technical examination and acceptance committee) গঠন | ৪৯ |
| ১৭। | চুক্তি বাতিল প্রস্তাব পর্যালোচনা কমিটি (Contract termination review committee) গঠন | ৪৯ |
| ১৮। | বারিতকরণ প্রস্তাব পর্যালোচনা কমিটি (Debarment review committee) গঠন | ৫০ |
| ১৯। | ক্রয়সংশ্লিষ্ট কমিটিসমূহের সদস্যগণের সম্মানি | ৫০ |
| ২০। | অর্পিত ক্রয়কার্য (Delegated procurement) প্রক্রিয়াকরণ | ৫০ |
| ২১। | অগ্রিম ক্রয় (Advance procurement) প্রক্রিয়াকরণ | ৫১ |
| ২২। | ক্রয়সংক্রান্ত আইন, ইত্যাদি সাধারণের প্রাপ্যতা | ৫১ |
| ২৩। | যোগাযোগের ধরন | ৫২ |
| ২৪। | ক্রয়কৌশল (Procurement strategy) প্রণয়ন এবং ক্রয়পদ্ধতি নির্বাচন | ৫২ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ২৫। | ক্রয়পরিকল্পনা (Procurement plan) প্রণয়ন, ইত্যাদি | ৫৪ |
| ২৬। | ক্রয়পরিকল্পনা হালনাগাদকরণ, সংশোধন, ইত্যাদি | ৫৬ |
| ২৭। | ক্রয়কার্যে প্রতিযোগিতা | ৫৭ |
| ২৮। | দরপত্র বা প্রস্তাবের বৈধতার মেয়াদ নির্ধারণ | ৫৭ |
| ২৯। | দরপত্র বা প্রস্তাব প্রক্রিয়াকরণের সময়সীমা | ৫৭ |
| ৩০। | বৈধতার মেয়াদ বৃদ্ধি | ৫৮ |
| ৩১। | দরপত্র জামানত | ৫৮ |
| ৩২। | দরপত্র জামানতের মেয়াদ বৃদ্ধি | ৫৯ |
| ৩৩। | দাখিলকৃত দরপত্র জামানতের সঠিকতা যাচাইকরণ | ৫৯ |
| ৩৪। | দরপত্র জামানত বাজেয়াপ্তকরণ | ৬০ |
| ৩৫। | দরপত্র জামানত ফেরত প্রদান | ৬০ |
| ৩৬। | কার্যসম্পাদন জামানত (Performance security) | ৬০ |
| ৩৭। | রক্ষণযোগ্য অর্থ (Retention money) | ৬১ |
| ৩৮। | পণ্য, কার্য, ইত্যাদির কারিগরি বিনির্দেশ প্রস্তুতের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ৬২ |
| ৩৯। | ভৌতসেবা ক্রয়ের নিমিত্ত সেবাসম্পাদন বিনির্দেশ প্রস্তুত | ৬৪ |
| ৪০। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগতসেবার কর্মপরিধি নির্ধারণ | ৬৪ |
| ৪১। | বিনির্দেশ বা কর্মপরিধি প্রণয়নের দায়িত্ব | ৬৪ |
| ৪২। | ক্রয় প্রক্রিয়া সংশ্লিষ্ট তথ্য প্রকাশে বাধা-নিষেধ, ইত্যাদি | ৬৪ |
| ৪৩। | গৃহীত দরপত্র, ইত্যাদির নিরাপদ হেফাজত | ৬৫ |
| ৪৪। | দরপত্র, প্রস্তাব বা কোটেশন বাতিলের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ৬৫ |
| ৪৫। | বাতিল পরবর্তী গৃহীতব্য ব্যবস্থা | ৬৬ |
| ৪৬। | বাতিলের কারণ অবহিতকরণ | ৬৬ |
| ৪৭। | দরপত্র বা প্রস্তাব অনুমোদন | ৬৭ |
| ৪৮। | ক্রয় অনুমোদন প্রক্রিয়া | ৬৭ |
| ৪৯। | চুক্তিসম্পাদন নোটিশ প্রকাশকরণ | ৭২ |
| ৫০। | চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা | ৭২ |
| ৫১। | কার্যচুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা | ৭৬ |
| ৫২। | ভেরিয়েশন অর্ডার জারি | ৮০ |
| ৫৩। | ভেরিয়েশন অর্ডার প্রণয়ন | ৮০ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৫৪। | ভেরিয়েশন এর মূল্যনির্ধারণ | ৮১ |
| ৫৫। | পণ্যচুক্তি ব্যবস্থাপনা | ৮২ |
| ৫৬। | পণ্যের অতিরিক্ত সরবরাহ আদেশ | ৮৩ |
| ৫৭। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা সংক্রান্ত চুক্তি ব্যবস্থাপনা | ৮৩ |
| ৫৮। | ভৌতসেবা সংক্রান্ত চুক্তিব্যবস্থাপনা | ৮৫ |
| ৫৯। | চুক্তি বাতিল ও বিরোধ নিষ্পত্তি | ৮৬ |
| ৬০। | ক্রয়সংক্রান্ত রেকর্ড সংরক্ষণের মেয়াদ, ইত্যাদি | ৮৭ |
| ৬১। | ক্রয়সংক্রান্ত কার্যক্রমের রেকর্ডপত্র প্রাপ্তিসাধ্যকরণ | ৮৮ |
| ৬২। | ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ | ৮৮ |
| ৬৩। | নিরপেক্ষ পরামর্শক কর্তৃক ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ | ৮৯ |
| ৬৪। | বৈষম্যহীনতাসংক্রান্ত অনুসরণীয় বিধান | ৮৯ |
| ৬৫। | ব্যক্তির যোগ্যতা | ৯০ |
| ৬৬। | ব্যক্তির যোগ্যতার সমর্থনে আবশ্যকীয় দলিলপত্র | ৯২ |
| ৬৭। | প্রাকযোগ্যতার ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ৯৪ |
| ৬৮। | ক্রয়কারী কর্তৃক যোগ্যতাসম্পন্ন সরবরাহকারী বা ঠিকাদারদের তালিকা সংরক্ষণ | ৯৬ |
| ৬৯। | সহঠিকাদার বা সহপরামর্শক নিয়োগ | ৯৭ |
| ৭০। | যৌথ উদ্যোগ | ৯৭ |
| ৭১। | স্বার্থের সংঘাত | ৯৯ |
| ৭২। | অভিযোগ করিবার অধিকার | ১০০ |
| ৭৩। | প্রশাসনিক কর্তৃপক্ষের নিকট অভিযোগ দায়ের, নিষ্পত্তি, ইত্যাদি | ১০২ |
| ৭৪। | রিভিউ প্যানেল গঠন | ১০৪ |
| ৭৫। | রিভিউ প্যানেল ভাঙিয়া দেওয়া বা সদস্য অপসারণ, পুনর্গঠন, ইত্যাদি | ১০৫ |
| ৭৬। | আপিলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত চুক্তিসম্পাদনের নোটিশ জারি করা হইতে বিরত থাকিবার জন্য নির্দেশ প্রদানের ক্ষমতা | ১০৫ |
| ৭৭। | রিভিউ প্যানেল কর্তৃক আপিল নিষ্পত্তি | ১০৬ |
| ৭৮। | পণ্য, কার্য, ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতির প্রয়োগ | ১০৭ |
| ৭৯। | পণ্য, কার্য, ইত্যাদি ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য ক্রয় পদ্ধতির প্রয়োগ | ১০৮ |
| ৮০। | সীমিত দরপত্র পদ্ধতির প্রয়োগ | ১০৮ |
| ৮১। | সীমিত দরপত্র পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১০ |
| ৮২। | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত | ১১১ |

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৮৩। | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১১ |
| ৮৪। | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতিতে প্রথম পর্যায়ের মূল্যায়ন | ১১২ |
| ৮৫। | দুই পর্যায়বিশিষ্ট পদ্ধতিতে দ্বিতীয় পর্যায়ের মূল্যায়নে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১২ |
| ৮৬। | এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত | ১১৩ |
| ৮৭। | এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১৩ |
| ৮৮। | এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি কারিগরি প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন | ১১৩ |
| ৮৯। | এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতিতে আর্থিক প্রস্তাব উন্মুক্তকরণ ও মূল্যায়ন | ১১৪ |
| ৯০। | কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি, শর্তাবলি, ইত্যাদি | ১১৪ |
| ৯১। | কোটেশন পদ্ধতির ক্ষেত্রে আবশ্যক তথ্য, দলিলাদি, ইত্যাদি | ১১৬ |
| ৯২। | কোটেশন আহ্বানের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১৬ |
| ৯৩। | কোটেশন দাখিল পদ্ধতি | ১১৭ |
| ৯৪। | কোটেশন মূল্যায়ন এবং ক্রয়াদেশ বা কার্যাদেশ প্রদান | ১১৮ |
| ৯৫। | বিপরীত নিলাম পদ্ধতির প্রয়োগ | ১১৮ |
| ৯৬। | বিপরীত নিলাম পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১১৯ |
| ৯৭। | সরাসরি ক্রয় পদ্ধতি | ১১৯ |
| ৯৮। | সরাসরি ক্রয় পদ্ধতির ধরন | ১২০ |
| ৯৯। | সরাসরি চুক্তির প্রয়োগ | ১২০ |
| ১০০। | নগদ ক্রয় | ১২২ |
| ১০১। | ফোর্স অ্যাকাউন্টের প্রয়োগ | ১২৩ |
| ১০২। | আন্তর্জাতিক প্রতিযোগিতার ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও কার্যপ্রণালি | ১২৩ |
| ১০৩। | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাদি | ১২৬ |
| ১০৪। | আন্তর্জাতিক ক্রয়ে এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্ত ও কার্যপ্রণালি | ১২৬ |
| ১০৫। | আন্তর্জাতিক ক্রয়ে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও প্রক্রিয়া | ১২৬ |
| ১০৬। | আন্তর্জাতিক ক্রয়ে সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও প্রক্রিয়া | ১২৭ |
| ১০৭। | আন্তর্জাতিক ক্রয়ে সরাসরি ক্রয় পদ্ধতি প্রয়োগের শর্তাবলি ও প্রক্রিয়া | ১২৮ |
| ১০৮। | দূতাবাস ও বিশেষ ক্ষেত্রে জাতীয় পতাকাবাহী বাহনের জন্য ক্রয় | ১২৮ |
| ১০৯। | ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট সম্পাদনের মাধ্যমে ক্রয়ের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১২৯ |
| ১১০। | বিজ্ঞাপন প্রকাশ | ১৩১ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১১১। | পণ্য, কার্য, ইত্যাদির ক্ষেত্রে প্রাকযোগ্যতা নির্ধারণ | ১৩৩ |
| ১১২। | প্রাকযোগ্যতার আবেদনপত্র উন্মুক্তকরণ | ১৩৪ |
| ১১৩। | প্রাকযোগ্যতার আবেদনপত্র মূল্যায়ন | ১৩৫ |
| ১১৪। | দরপত্র দলিল প্রণয়ন, বিক্রয়, প্রাকদরপত্র সভা, ইত্যাদি | ১৩৬ |
| ১১৫। | দরপত্র দলিলের সংশোধন | ১৩৮ |
| ১১৬। | দরপত্র প্রস্তুত ও দাখিল | ১৩৮ |
| ১১৭। | দরপত্র উন্মুক্তকরণ | ১৩৯ |
| ১১৮। | দরপত্র মূল্যায়ন, ইত্যাদি | ১৪১ |
| ১১৯। | লটারির প্রয়োগ | ১৪৮ |
| ১২০। | চুক্তিসম্পাদনের পূর্বশর্ত হিসাবে নেগোসিয়েশন বা দরপত্র সংশোধন না করা | ১৪৯ |
| ১২১। | দরপত্র দাখিলোত্তর যোগ্যতার নির্ণায়কসমূহ যাচাই | ১৫০ |
| ১২২। | অনুমোদন প্রক্রিয়া | ১৫ |
| ১২৩। | চুক্তিসম্পাদনের নোটিশ জারি ও চুক্তিস্বাক্ষর | ১৫ |
| ১২৪। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগতসেবা ক্রয়পদ্ধতি এবং ইহার প্রয়োগ | ১৫ |
| ১২৫। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগতসেবা ক্রয়ের অন্যান্য পদ্ধতি | ১৫ |
| ১২৬। | গুণগত মান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতির অধীন নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৫ |
| ১২৭। | নির্দিষ্ট বাজেটের অধীন নির্বাচন পদ্ধতির অধীন পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৫ |
| ১২৮। | সর্বনিম্ন ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতির অধীন পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৫ |
| ১২৯। | পরামর্শকের যোগ্যতাভিত্তিক নির্বাচন পদ্ধতির অধীন পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যাবলি | ১৫ |
| ১৩০। | সামাজিক সেবামূলক সংগঠন নির্বাচন পদ্ধতির অধীন পরামর্শক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৫ |
| ১৩১। | একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতির অধীন পরার্মশক নির্বাচনের ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৬ |
| ১৩২। | ডিজাইন প্রতিযোগিতার (Design Contest) ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৬ |
| ১৩৩। | ব্যক্তিভিত্তিক পরামর্শক নির্বাচন পদ্ধতির ক্ষেত্রে অনুসরণীয় কার্যপ্রণালি | ১৬ |
| ১৩৪। | বুদ্ধিবৃত্তিক ও পেশাগতসেবা ক্রয়ে ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্টের প্রয়োগ | ১৬ |


CamScanner

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১৩৫। | আগ্রহব্যক্তকরণপত্র দাখিল | ১৬৪ |
| ১৩৬। | আবেদনপত্র উন্মুক্তকরণ | ১৬৪ |
| ১৩৭। | আবেদনপত্র মূল্যায়ন এবং সংক্ষিপ্ত তালিকা অনুমোদন, ইত্যাদি | ১৬৫ |
| ১৩৮। | পরামর্শসেবার কর্মপরিধি প্রস্তুতকরণ | ১৬৬ |
| ১৩৯। | প্রস্তাব দাখিলের অনুরোধ-সংবলিত দলিল প্রণয়ন ও জারি | ১৬৭ |
| ১৪০। | প্রস্তাব দাখিল এবং উন্মুক্তকরণ | ১৭৩ |
| ১৪১। | কারিগরি প্রস্তাব মূল্যায়ন | ১৭৩ |
| ১৪২। | আর্থিক প্রস্তাব মূল্যায়ন | ১৭৫ |
| ১৪৩। | গুণগত ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে সম্মিলিত বিবেচনায় কারিগরি ও আর্থিক মূল্যায়ন | ১৭৬ |
| ১৪৪। | নেগোসিয়েশন | ১৭৭ |
| ১৪৫। | নেগোসিয়েশনে ব্যর্থতা এবং সকল প্রস্তাব বাতিলকরণ | ১৭৮ |
| ১৪৬। | অনুমোদন প্রক্রিয়া | ১৭৮ |
| ১৪৭। | চুক্তিস্বাক্ষর | ১৭৯ |
| ১৪৮। | প্রস্তাব প্রক্রিয়ার পরিসমাপ্তি | ১৭৯ |
| ১৪৯। | পেশাগত অসদাচরণ, অপরাধ, চুক্তি বাতিল, ইত্যাদি | ১৮০ |
| ১৫০। | ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সরকারি ক্রয় | ১৮৫ |
| ১৫১। | কনসেশন বা অন্যান্য পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) চুক্তি সম্পর্কিত বিধান | ১৮৫ |
| ১৫২। | ক্রয় ইউনিট বা শাখা গঠন এবং পেশাগত উন্নয়ন | ১৮৫ |
| ১৫৩। | পরিবীক্ষণ, ইত্যাদি বিষয়ে বিপিপিএ-এর দায়িত্ব | ১৮৬ |
| ১৫৪। | রহিতকরণ ও হেফাজত | ১৮৯ |

| শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|
| তফসিল-১ ... ... ... ... ... ... ... | ১৯ |
| তফসিল-২ ... ... ... ... ... ... ... | ১৯ |
| তফসিল-৩ ... ... ... ... ... ... ... | ২১ |
| তফসিল-৪ ... ... ... ... ... ... ... | ২৩ |
| তফসিল-৫ ... ... ... ... ... ... ... | ২৩ |
| তফসিল-৬ ... ... ... ... ... ... ... | ২৪ |
| তফসিল-৭ ... ... ... ... ... ... ... | ২৪ |
| তফসিল-৮ ... ... ... ... ... ... ... | ২৪ |
| তফসিল-৯ ... ... ... ... ... ... ... | ২৪ |
| তফসিল-১০ ... ... ... ... ... ... ... | ২৪ |
| তফসিল-১১ ... ... ... ... ... ... ... | ২৪। |
| তফসিল-১২ ... ... ... ... ... ... ... | ২৫ |
| তফসিল-১৩ ... ... ... ... ... ... ... | ২৫ |
| তফসিল-১৪ ... ... ... ... ... ... ... | ২৫ |
| তফসিল-১৫ ... ... ... ... ... ... ... | ২৭ |
| তফসিল-১৬ ... ... ... ... ... ... ... | ২৭ |
| তফসিল-১৭ ... ... ... ... ... ... ... | ২৭ |
| তফসিল-১৮ ... ... ... ... ... ... ... | ২৮ |
| তফসিল-১৯ ... ... ... ... ... ... ... | ২৯ |
| তফসিল-২০ ... ... ... ... ... ... ... | ২৯ |
| তফসিল-২১ ... ... ... ... ... ... ... | ৩০ |


CamScanner

# বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে আষাঢ় ১৪১৩/৬ জুলাই ২০০৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২২ শে আষাঢ় ১৪১৩ মোতাবেক ৬ই জুলাই ২০০৬ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে–

২০০৬ সনের ২৪ নং আইন

**সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে [১][স্বচ্ছতা, জবাবদিহিতা, অর্থের সর্বোত্তম মূল্য, দক্ষতা, নৈতিকতা, গুনগতমান ও টেকসই ক্রয়] নিশ্চিত করা এবং উক্তরূপ ক্রয়কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করিবার জন্য অনুসরণীয় পদ্ধতি নির্ধারণসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধানকল্পে প্রণীত আইন**

যেহেতু সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়ের ক্ষেত্রে [২][স্বচ্ছতা, জবাবদিহিতা, অর্থের সর্বোত্তম মূল্য, দক্ষতা, নৈতিকতা, গুনগতমান ও টেকসই ক্রয়] নিশ্চিত করা এবং উক্তরূপ ক্রয়কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করিবার জন্য অনুসরণীয় পদ্ধতি নির্ধারণসহ আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ–

## প্রথম অধ্যায়

### প্রাথমিক বিষয়াদি

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।–(১) এই আইন পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ নামে অভিহিত হইবে।

*(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে ইহা বলবৎ হইবে।

** পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) ২৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে উক্ত অধ্যাদেশ কার্যকর হইয়াছে।

২। **সংজ্ঞা**।–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে–

(১) "অনুমোদনকারী কর্তৃপক্ষ" অর্থ আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ মোতাবেক পণ্য, কার্য বা সেবা ক্রয়ের জন্য চুক্তি সম্পাদনের অনুমোদন প্রদানকারী কর্তৃপক্ষ ;

---

১ 'স্বচ্ছতা ও জবাবদিহিতা" শব্দগুলির পরিবর্তে পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ২ ধারা বলে প্রতিস্থাপিত।

২ "স্বচ্ছতা ও জবাবদিহিতা" শব্দগুলির পরিবর্তে পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ৩ ধারা বলে প্রতিস্থাপিত।

* এস. আর. ও নং ২০-আইন/২০০৮, তারিখ: ২৭ জানুয়ারি, ২০০৮ দ্বারা ৩১ জানুয়ারি, ২০০৮ তারিখকে উক্ত আইন কার্যকর হইয়াছে।

** এস. আর. ও. নং ৩৮৭-আইন/ ২০২৫, তারিখ: ২৫ সেপ্টেম্বর, ২০২৫ ; দ্বারা ২৮ সেপ্টেম্বর, ২০২৫। উক্ত অধ্যাদেশ কার্যকর হইয়াছে।

এবং যাহা সম্পদের কার্যকারিতা, পণ্যের মান ও সেবার গুণগতমান বৃদ্ধি এবং ক্রয়ের ক্ষেত্রে সামগ্রিক ব্যয় সমন্বয় করিবার মাধ্যমে পরিবেশ রক্ষা, সামাজিক অগ্রগতি ও অর্থনৈতিক উন্নয়নকে সমর্থন করিবে;]

(১০) "ঠিকাদার" অর্থ এই আইনের অধীন কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনকারী ব্যক্তি ;

(১১) "দরপত্র" বা "প্রস্তাব" অর্থ দরপত্র দাখিলের আহ্বান বা, ক্ষেত্রমত, প্রস্তাব দাখিলের অনুরোধের পরিপ্রেক্ষিতে কোন দরপত্রদাতা বা কোন পরামর্শক কর্তৃক পণ্য, কার্য বা সেবা সরবরাহের জন্য ক্রয়কারীর নিকট দাখিলকৃত দরপত্র বা প্রস্তাব ; এবং এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোটেশনও দরপত্রের অন্তর্ভুক্ত হইবে ;

(১২) "দরপত্র দলিল" বা "প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিল" অর্থ দরপত্র বা প্রস্তাব প্রস্তুত করিবার ভিত্তি হিসাবে ক্রয়কারী কর্তৃক কোনো দরপত্রদাতা বা পরামর্শককে সরবরাহকৃত দলিল ;

(১৩) "দরপত্রদাতা" অর্থ দরপত্র দাখিলকারী ব্যক্তি ;

(১৪) "নির্ধারিত" অর্থ বিধি দ্বারা নির্ধারিত বা অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক সরকারি গেজেটে বিশেষ আদেশ দ্বারা নির্ধারিত ;

[১][(১৪ক) "নিষ্পত্তি (disposal)" অর্থ বিক্রয়, নিলাম বা এতদসংক্রান্ত সরকারি নীতিমালায় বর্ণিত প্রক্রিয়ায় ক্রয়কারী কর্তৃক সরকারি সম্পত্তির অপনয়ন বা হস্তান্তর ;]

(১৫) "নৈতিক বিধি" অর্থ ক্রয় কার্যের অংশগ্রহণের সময় কোন ব্যক্তি কর্তৃক অবশ্য পালনীয় কোন শর্ত বা বিধান ;

[২][(১৬) "পণ্য" অর্থ কাঁচামাল, উৎপাদিত পণ্যদ্রব্য ও যন্ত্রপাতি এবং কঠিন, তরল বা বায়বীয় আকারে পণ্যদ্রব্য, বিদ্যুৎ, প্রস্তুতকৃত কম্পিউটার সফটওয়্যার (Off-the-shelf) ও অন্যান্য তথ্য প্রযুক্তিজাত অথবা সমজাতীয় সফটওয়্যার এবং পণ্য সংশ্লিষ্ট সেবা, যদি উহার মূল্য পণ্যের মূল্য অপেক্ষা অধিক না হয় ;]

(১৭) "পরমার্শক" অর্থ বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা প্রদানের জন্য ক্রয়কারীর সহিত চুক্তিবদ্ধ ব্যক্তি ;

(১৮) "পাবলিক প্রকিউরমেন্ট" অর্থ সরকারি তহবিল দ্বারা ক্রয়কে বুঝাইবে ;

(১৯) "প্রশাসনিক কর্তৃপক্ষ" অর্থ, যথাক্রমে সংশ্লিষ্ট ক্রয়কারী, ক্রয়কারী কার্যালয় প্রধান, মন্ত্রণালয় বা বিভাগের সচিব ;

(২০) "প্রাক-যোগ্যতা" অর্থ দরপত্রে অংশগ্রহণের পূর্বশর্ত হিসাবে যোগ্যতা প্রদর্শনের জন্য আহ্বান জানাইবার প্রক্রিয়া ;

[৩][(২১) "ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্ট" অর্থ পণ্য, কার্য বা সেবার মূল্য এবং ক্ষেত্রমত, পরিমাণ বা অনুমিত পরিমাণ সম্পর্কিত শর্তাধীন কোনো পণ্য, সাধারণ কার্য, ভৌত সেবা বা বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের জন্য এক বা একাধিক ক্রয়কারীর সহিত এক বা একাধিক দরপত্রদাতা বা পরামর্শকের সহিত একটি নির্দিষ্ট সময়ের জন্য সম্পাদিত এগ্রিমেন্ট ;]

---

১ দফা (১৪ক) পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ৪(গ) ধারা বলে সন্নিবেশিত।

২ দফা (১৬) পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) আইন, ২০১৬ (২০১৬ সনের ৩৭ নং আইন) এর ২(ক) ধারা বলে প্রতিস্থাপিত।

৩ দফা (২১) পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ৪(ঘ) ধারা বলে প্রতিস্থাপিত।

CamScanner

**২২। চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা।**– ক্রয়কারী কার্যকরভাবে চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য, সরকার কর্তৃক সময় সময়, জারীকৃত নির্দেশনাবলী অনুসরণ করিবে।

**২৩। ক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ।**– (১) ক্রয়কারী, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, ক্রয়কার্য সংক্রান্ত যাবতীয় রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করিবে।

**২৪। ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ।**– (১) ক্রয়কারী প্রত্যেক অর্থ-বৎসর সমাপ্তির নয় মাসের মধ্যে পূর্ববর্তী বৎসরে সম্পাদিত মোট ক্রয় কার্যের নমুনাভিত্তিক নিরপেক্ষ ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণের ব্যবস্থা করিবে।

(২) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্তৃপক্ষ ক্রয়কারী কর্তৃক সম্পাদিত ক্রয়কার্যের ক্রয় প্রক্রিয়া-উত্তর পুনরীক্ষণ করিতে পারিবে।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন পুনরীক্ষণের ক্ষেত্রে দৈবচয়ন পদ্ধতি অনুসরণ করা হইবে এবং উক্ত পদ্ধতির রূপরেখা বিধি দ্বারা নির্ধারণ করা যাইবে।

## অংশ-২

### ক্রয় প্রক্রিয়ায় অংশগ্রহণ

**২৫। বৈষম্যহীনতা।**– সরকার ভিন্নরূপ কোন সিদ্ধান্ত গ্রহণ না করিলে, ক্রয়কারী কোন ব্যক্তিকে তাহার বর্ণ, জাতীয়তা বা জাতিগত, অথবা ক্রয় সংক্রান্ত দলিলে উল্লিখিত যোগ্যতা বা এই আইনের অধীন কোন ব্যক্তির বিরুদ্ধে গৃহীত ব্যবস্থার সহিত সম্পর্কযুক্ত নহে এইরূপ কোন নির্ণায়কের ভিত্তিতে ক্রয়কার্যে অংশগ্রহণে নিবৃত্ত করিবে না।

**২৬। ব্যক্তির যোগ্যতা।**– (১) ক্রয়কারী ক্রয়কার্যে অংশগ্রহণের জন্য তাহার বিবেচনায় প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতার নির্ণায়কসমূহ বা অন্যান্য ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির কী কী যোগ্যতা অর্জন করিতে হইবে, উহা ক্রয় সংক্রান্ত দলিলে সুনির্দিষ্টভাবে উল্লেখ করিবে [১][ ।] [***]

(২) উপ-ধারা (১) এ বর্ণিত নির্ণায়কসমূহ কোন ব্যক্তি কর্তৃক অতীতে সম্পাদিত ক্রয়কার্য, উৎপাদন ক্ষমতা এবং কোন নির্দিষ্ট ক্রয়কার্য সম্পাদনের জন্য আর্থিক সামর্থ্য সম্পর্কিত হইতে হইবে।

**২৭। যৌথ উদ্যোগ।**– (১) কোন ব্যক্তি, স্বতন্ত্রভাবে বা দেশী বা বিদেশী অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের সহিত যৌথ উদ্যোগে, কোন আবেদনপত্র, আগ্রহব্যক্তকরণের আবেদনপত্র, প্রস্তাব বা দরপত্র দাখিল করিতে পারিবে।

(২) এই ধারার অধীন প্রাক্-যোগ্যতা, আগ্রহব্যক্তকরণ বা দরপত্র বা প্রস্তাব দলিলে যৌথ উদ্যোগে আবেদনপত্র, আগ্রহব্যক্তকরণের আবেদনপত্র, প্রস্তাব বা দরপত্র দাখিল করিতে হইবে মর্মে আবশ্যিক হিসাবে কোন শর্ত আরোপ করা যাইবে না।

(৩) ব্যক্তিবর্গের সমন্বয়ে যৌথ উদ্যোগের ক্ষেত্রে, উক্ত ব্যক্তিবর্গ যৌথভাবে এবং পৃথক পৃথকভাবে ক্রয়কারীর নিকট দায়ী থাকিবে।

---

১ পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ১৩ ধারা বলে ":" চিহ্নের পরিবর্তে "।" চিহ্ন প্রতিস্থাপিত এবং অতঃপর উল্লিখিত শর্তাংশটি বিলুপ্ত।

CamScanner

## চতুর্থ অধ্যায়

### পণ্য, কার্য, ইত্যাদির ক্রয় পদ্ধতি এবং উহার প্রয়োগ

### অংশ-১

### অভ্যন্তরীণ ক্রয়

[১][৩১। পণ্য, কার্য, ভৌত সেবা, ইত্যাদি ক্রয়ে উন্মুক্ত দরপত্র পদ্ধতির প্রয়োগ।– (১) ক্রয়কারী পণ্য, সংশ্লিষ্ট সেবা, কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে অগ্রে বিবেচ্য হিসাবে নিম্নবর্ণিত শর্ত পরিপালনপূর্বক উন্মুক্ত দরপত্র পদ্ধতি প্রয়োগ করিবে, যথা:-

(ক) প্রযোজ্য ক্ষেত্রে, প্রাক-যোগ্যতা নির্ধারণ ;

(খ) দরপত্রদাতাগণকে বৈষম্যহীন ও সম-শর্তাধীনে প্রতিযোগিতার সুযোগ প্রদান ;

(গ) ধারা ৪০ এ বর্ণিত বিধান অনুসরণে বিজ্ঞাপন প্রদানের মাধ্যমে দরপত্র আহ্বান ;

(ঘ) দরপত্র দাখিলের জন্য এবং পণ্য সরবরাহ, কার্য সম্পাদনের বা ভৌত সেবা প্রদানের জন্য নির্ধারিত ন্যূনতম সময় প্রদান ;

(ঙ) সর্বনিম্ন মূল্যায়িত রেসপনসিভ দরপত্রদাতার সহিত চুক্তি সম্পাদন:

তবে শর্ত থাকে যে, কোন ক্রয়ের ক্ষেত্রে দরপত্রদাতা কর্তৃক দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় হইতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য (significantly low price) উদ্ধৃত করা হইলে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত নিম্নদর মূল্যায়ন করিতে হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন প্রক্রিয়া বিধি দ্বারা নির্ধারণ করা যাইবে।]

৩২। [২][পণ্য, কার্য, ভৌত সেবা] ইত্যাদি ক্রয়ে অন্যান্য ক্রয় পদ্ধতির প্রয়োগ।– (১) ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার অনুমোদনক্রমে ধারা ৩১ এ উল্লিখিত পদ্ধতি ব্যতীত অন্য কোন পদ্ধতিতে পণ্য, [৩][***] কার্য বা ভৌত সেবা ক্রয়ের ক্ষেত্রে, কারিগরি অথবা অর্থনৈতিক কারণ যুক্তিযুক্ত বিবেচিত হইলে ক্রয়কারী নিম্নবর্ণিত যে কোন পদ্ধতি প্রয়োগ করিতে পারিবে, যথা:-

(ক) নিম্নবর্ণিত ক্ষেত্রে সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগ করা যাইবে, যথা:-

(অ) বিশেষায়িত প্রকৃতির পণ্য, [৪][***] কার্য বা ভৌত সেবা, যাহা কেবল সীমিত সংখ্যক সরবরাহকারী বা ঠিকাদারগণের নিকট হইতে লভ্য হয় ;

---

১ পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ১৫ ধারা বলে প্রতিস্থাপিত।

২ উপান্তটীকায় উল্লিখিত "পণ্য, কার্য" শব্দগুলি ও কমার পরিবর্তে পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ১৬ (ক) ধারা বলে প্রতিস্থাপিত।

৩ "সংশ্লিষ্ট সেবা," শব্দগুলি ও কমা পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ১৬ (খ) ধারা বলে বিলুপ্ত।

৪ "সংশ্লিষ্ট সেবা," শব্দগুলি ও কমা পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ (২০২৫ সনের ১৬নং অধ্যাদেশ) এর ধারা ১৬ (গ) এর (অ) উপদফাবলে বিলুপ্ত।

(আ) জাতীয় প্রয়োজনের সহিত সামঞ্জস্য রক্ষা করিয়া আন্তর্জাতিক মান অথবা আন্তর্জাতিক পরামর্শক নিয়োগের ক্ষেত্রে ব্যাপকভাবে স্বীকৃত মানদন্ডের ভিত্তিতে পরামর্শকের কার্যপরিধি নির্ধারণ করিতে হইবে ;

(ই) পরামর্শকগণকে আন্তর্জাতিক ক্ষেত্রে ব্যাপকভাবে ব্যবহৃত মুদ্রায় বা মুদ্রাসমূহে প্রস্তাব দাখিলের সুযোগ প্রদান করিতে হইবে ;

(ঈ) স্থানীয় যোগান সংশ্লিষ্ট ব্যয় টাকায় উদ্ধৃত করিবার জন্য পরামর্শকগণকে নির্দেশ প্রদান করিতে হইবে ;

(এ) প্রস্তাবে বর্ণিত মুদ্রায় বা মুদ্রাসমূহে প্রাপ্য অর্থ পরিশোধ করিতে হইবে ;

(ঐ) চুক্তির সাধারণ এবং বিশেষ শর্তাবলী হইবে আন্তর্জাতিক বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবার ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিলে সাধারণ-ভাবে ব্যবহৃত শর্তাবলীর অনুরূপ ;

(ও) বিরোধ নিষ্পত্তির জন্য বিকল্প ব্যবস্থার বিধান থাকিবে। এই ক্ষেত্রে প্রস্তাব দাখিলের অনুরোধ সম্বলিত দলিলে বর্ণিত আন্তর্জাতিক সালিস নিষ্পত্তির বিধান থাকিবে।

(২) এই ধারার অধীন সেবা ক্রয়ের ক্ষেত্রে যৌথ উদ্যোগে স্থানীয় অংশীদারিত্ব উৎসাহিত করা যাইবে, কিন্তু উহা বাধ্যতামূলক শর্ত হিসাবে আরোপ করা যাইবে না [১][:

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন সরকারের নিজস্ব অর্থে তথ্যপ্রযুক্তিগত সেবা (IT services) ক্রয়ের ক্ষেত্রে আন্তর্জাতিক প্রস্তাব আহ্বান করা অপরিহার্য হইলে, দেশীয় পরামর্শক প্রতিষ্ঠানকে যৌথ উদ্যোগের (joint venture) অংশীদার হিসেবে অন্তর্ভুক্ত করিতে হইবে।]

## ষষ্ঠ অধ্যায়

## ক্রয় প্রক্রিয়াকরণ

### অংশ-১

### বিজ্ঞাপন

৪০। **বিজ্ঞাপন।**– (১) ক্রয়কারী প্রাক্-যোগ্যতা, দরপত্র এবং আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন নির্ধারিত নমুনা ছকে প্রস্তুত করিবে।

(২) ক্রয়কারী, উপ-ধারা (১) এ বর্ণিত বিজ্ঞাপন দেশে বহুল প্রচারিত কমপক্ষে একটি বাংলা এবং একটি ইংরেজী দৈনিক সংবাদপত্রে সরাসরি প্রকাশের ব্যবস্থা করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন বিজ্ঞাপন প্রকাশের তারিখে যদি প্রকাশিত সংবাদপত্রের একাধিক সংস্করণ প্রকাশিত হয়, তাহা হইলে এইরূপ প্রত্যেক সংস্করণের প্রতিটি কপিতেই উক্ত বিজ্ঞাপন প্রকাশের ব্যবস্থা করিতে হইবে।

(৪) উপ-ধারা (২) এর বিধানের অতিরিক্ত ব্যবস্থা হিসাবে-

(ক) উক্তরূপ বিজ্ঞাপন ক্রয়কারীকে নিজস্ব ওয়েবসাইটে, যদি থাকে, প্রকাশ করিতে হইবে ;

(খ) নির্ধারিত মূল্যসীমার উর্ধ্বের বিজ্ঞাপন সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করিতে হইবে।

---

১ প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ":" চিহ্ন প্রতিস্থাপিত এবং অতঃপর শর্তাংশ পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন)

(৩) ক্রয়কারী নিশ্চিত করিবে যে, ক্রেতব্য পণ্য, কার্য বা সেবা ক্রয়চুক্তিতে নির্ধারিত কারিগরি শর্তাবলি পূরণ করে এবং এতদুদ্দেশ্যে ক্রয়কারী পরিদর্শন ও পরীক্ষণের (Testing) সুবিধা সৃষ্টি, পরিদর্শন টিম গঠন, পরীক্ষাগার (Laboratory) এবং পরিদর্শন ও পরীক্ষণ ব্যবস্থাদির যৌথ বা সম্মিলিত ব্যবহারের ব্যবস্থা প্রতিষ্ঠা এবং প্রয়োজন অনুসারে পরিদর্শন ও পরীক্ষণ কাজের জন্য অন্যান্য প্রতিষ্ঠানের সহিত চুক্তিসম্পাদন করিতে পারিবে।

(৪) চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে :

(ক) কর্মপরিকল্পনা পুনরীক্ষণ ও অনুমোদন ;

(খ) গুণগতমান পরিদর্শন ও পরীক্ষণ এবং কর্মপরিকল্পনা অনুসারে, নির্দিষ্ট সময় অন্তর অন্তর, কার্যসম্পাদনের পরিমাণ নির্ণয়সহ চুক্তিবাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ ;

(গ) ভেরিয়েশন অর্ডার, চুক্তি স্থগিতকরণ বা অবসান, মূল্য পুনর্নির্ধারণ, চুক্তির প্রতিবিধানমূলক ব্যবস্থাদি (যথাঃ ক্ষতিপূরণ আরোপ, বিলম্বে প্রাপ্য পরিশোধ) প্রয়োগ এবং বিরোধ বা দাবি নিষ্পত্তি পদ্ধতির ব্যবস্থাপনা ;

(ঘ) মূল্যপরিশোধসহ চুক্তিবাস্তবায়ন-সংক্রান্ত আর্থিক বিষয়াদি এবং বাজেট, মূল্যবিশ্লেষণ ও হিসাবরক্ষণ-সংক্রান্ত ব্যবস্থাপনা ;

(ঙ) চুক্তিবাস্তবায়ন-সংক্রান্ত দলিলাদির বিন্যাস ও ব্যবস্থাপনা এবং নির্দিষ্ট সময় অন্তর চুক্তিবাস্তবায়ন-সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন।

(৫) প্রকল্প ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চুক্তির দায়বদ্ধতা প্রতিপালন, সময়, ব্যয় ও মাননিয়ন্ত্রণকল্পে সূচনা হইতে সমাপ্তি এবং হস্তান্তর অবধি নির্মাণকার্যের তত্ত্বাবধান ছাড়াও প্রকল্পের ডিজাইনের পুনরীক্ষণ করিতে পারিবে।

(৬) কার্যের বাস্তবায়ন তত্ত্বাবধানের উদ্দেশ্যে ক্রয়কারী, একজন সুযোগ্য প্রকল্প পরিচালক, প্রকল্প ব্যবস্থাপক বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, অতঃপর এই বিধিতে যাহাকে প্রকল্প ব্যবস্থাপক বলিয়া অভিহিত করা হইয়াছে, তাহার নিকট প্রকল্প বা চুক্তি ব্যবস্থাপনা ন্যস্ত করিবে।

(৭) কার্যকরভাবে চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনার জন্য ক্রয়কারী প্রয়োজনীয় ভৌত সুবিধাদি এবং কর্মকর্তা ও কর্মচারীর সংস্থান করিবে এবং উক্তরূপ পরিচালনা ও ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকিতে পারে, তবে কেবল উহাদের মধ্যেই সীমিত থাকিবে না :

(ক) চুক্তিপ্রণয়ন ও বাস্তবায়নের জন্য ডিজাইন ও পরিবীক্ষণমূলক কার্যাবলির সংস্থানসহ প্রয়োজন অনুযায়ী প্রকৌশল ও ডিজাইন সার্ভিস প্রদান ;

(খ) মূল্যপরিশোধ এবং আর্থিক নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা ;

(গ) চুক্তিপরিচালনা ও ব্যবস্থাপনা কার্যে নিয়োজিত সংশ্লিষ্ট সকলের জন্য তথ্যের সমন্বিত প্রক্রিয়াকরণ এবং সংশ্লিষ্ট তথ্যের আদান-প্রদান ও প্রবেশগম্যতা নিশ্চিত করিবার লক্ষ্যে তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি ; এবং

(ঘ) আইনগত পরামর্শ গ্রহণ।

CamScanner

## তফসিল-১

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

## পণ্য, কার্য, ভৌতসেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের আদর্শ দলিলসমূহের তালিকা

### সারণি-১
### (পণ্য)

| ক্র. নং | কোড নাম | উৎস | ক্রয়পদ্ধতি, ধরন ও আর্থিক মূল্যসীমা |
|---|---|---|---|
| ১ | পিজি ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য আদর্শ দলিল (SRFQ) |
| ২ | পিজি ২ | অভ্যন্তরীণ ক্রয় | সীমিত অথবা উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (টাকা ৫০.০০ লক্ষ পর্যন্ত) |
| ৩ | পিজি ৩ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (টাকা ৫০.০০ লক্ষ-এর অধিক) |
| ৪ | পিজি ৩-এ | অভ্যন্তরীণ ক্রয় | ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্টের মাধ্যমে উন্মুক্ত বা সীমিত দরপত্র পদ্ধতিতে পণ্য সংগ্রহের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (দরপত্র পদ্ধতি সাপেক্ষে প্রযোজ্য মূল্যমান অনুযায়ী) |
| ৫ | পিজি ৪ | আন্তর্জাতিক ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পণ্য সংগ্রহের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (যে কোনো মূল্যমানের) |
| ৬ | পিজি ৫-এ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং সংস্থাপনের জন্য আদর্শ দরপত্র দলিল ['টার্ন কি চুক্তির আওতায়' এক ধাপ দুই খাম বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে] (যে-কোনো মূল্যমানের) |
| ৭ | পিজি ৫-বি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ এবং সংস্থাপনের জন্য আদর্শ দরপত্র দলিল (STD) ['টার্ন কি চুক্তির আওতায়' দুই পর্যায় বিশিষ্ট পদ্ধতির জন্য প্রযোজ্য হইবে] (যে-কোনো মূল্যমানের) |

CamScanner

| ক্র. নং | কোড নাম | উৎস | ক্রয়পদ্ধতি, ধরন ও আর্থিক মূল্যসীমা |
|---|---|---|---|
| ৮ | পিজি ৬ | আন্তর্জাতিক ক্রয় | কোটেশনের মাধ্যমে বিভাজ্য (Divisible) পণ্য সামগ্রী অধিক পরিমাণে (in bulk) সংগ্রহের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য আদর্শ দলিল (SRFQ) (যে-কোনো মূল্যমানের) |
| ৯ | পিজি ৭ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | আইটি ইকুইপমেন্ট, ইতোমধ্যে প্রস্তুতকৃত সফটওয়্যার সংগ্রহের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (যে-কোনো মূল্যমানের) |
| ১০ | পিকিউজি | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | প্লান্ট ও যন্ত্রপাতি সরবরাহ স্থাপনের ক্ষেত্রে (টাকা ১৫.০০ কোটির উর্ধ্বে) এবং নির্দিষ্ট নকশা ও মাপে যন্ত্রপাতি তৈরি (custom designed equipment) (টাকা ৫.০ কোটির উর্ধ্বে) প্রাকযোগ্যতা নির্ধারণে আদর্শ দলিল (PQG) |
| ১১ | এসএএফই-এ | অভ্যন্তরীণ ক্রয় | পণ্য সংগ্রহের ক্ষেত্রে তালিকাভুক্তির জন্য আদর্শ আবেদন ছক (SAFE-A) (টাকা ৫০.০০ লক্ষ পর্যন্ত) |
| ১২ | পিজি ৮ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | এক ধাপ দুই খাম দরপত্র পদ্ধতির মাধ্যমে উচ্চ কারিগরি বিনির্দেশসম্পন্ন পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (STD) (যে-কোনো মূল্যমানের) |
| ১৩ | পিজি ৯ | অভ্যন্তরীণ/ আন্তর্জাতিক ক্রয় | সরাসরি চুক্তির মাধ্যমে পণ্য ক্রয়ের জন্য আদর্শ দরপত্র দলিল (STD) (যে-কোনো মূল্যমানের) |
| ১৪ | এসএডিই-১ | আন্তর্জাতিক ক্রয় | এলএনজি ক্রয়ে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির জন্য তালিকাভুক্তির নিমিত্ত আবেদনের আদর্শ দলিল |

## সারণি-২
## (কার্য)

| ক্র. নং | কোড নাম | উৎস | ক্রয়পদ্ধতি, ধরন ও আর্থিক সেবা |
|---|---|---|---|
| ১ | পিডব্লিউ ১ | অভ্যন্তরীণ ক্রয় | কোটেশনের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে অনুরোধ জ্ঞাপনের জন্য আদর্শ দলিল (SRFQ) |
| ২ | পিডব্লিউ ২-এ | অভ্যন্তরীণ ক্রয় | উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্য সম্পাদনের ক্ষেত্রে আদর্শ দরপত্র দলিল (STD) (টাকা ৫.০০ কোটি পর্যন্ত) |

CS CamScanner

| বিধি | সময়, মূল্য, ইত্যাদি |
|---|---|
| ৮১(৫) | সীমিত দরপত্র পদ্ধতির আওতায় সরাসরি দরপত্র আহ্বান অথবা পত্রিকায় বা ওয়েব পোর্টালে বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে দরপত্র প্রণয়ন ও দাখিলের সময়: |
| | ▶ বিধি ৮০ (১)(ক) অনুসরণের ক্ষেত্রে ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন ;<br>▶ বিধি ৮০ (১)(খ) অনুসরণের ক্ষেত্রে ন্যূনতম ৭ (সাত) দিন ;<br>▶ বিধি ৮০ (১)(গ) অনুসরণের ক্ষেত্রে ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন ;<br>▶ বিধি ৮০ (১)(ঘ) অনুসরণের ক্ষেত্রে-<br>▸ স্বাভাবিক ক্ষেত্রে ন্যূনতম ১০ (দশ) দিন ;<br>▸ প্রাকৃতিক দুর্যোগ হইতে উদ্ভূত সংকট বা রাষ্ট্রীয়ভাবে গুরুত্বপূর্ণ বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে ক্রয়কারী কার্যালয় প্রধানের অনুমোদন সাপেক্ষে ৫(পাঁচ) দিনের কম সময় ;<br>▶ বিধি ৮০ (১)(ঙ) অনুসরণের ক্ষেত্রে ন্যূনতম ১৪ (চৌদ্দ) দিন ;<br>▶ পুনঃদরপত্র আহ্বানের ক্ষেত্রে স্বাভাবিক ক্ষেত্রে ৭ (সাত) দিন ও অন্যান্য ক্ষেত্রে ৫ (পাঁচ) দিনে হ্রাস করা যাইতে পারে ; |
| ৮৩(৫) | প্রথম পর্যায়ে কারিগরি প্রস্তাব দাখিলের জন্য সময়: |
| | ▶ পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে ন্যূনতম ৪২ (বিয়াল্লিশ) দিন। |
| ৮৪(৫) | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে প্রথম পর্যায়ের দরপত্র মূল্যায়ন প্রতিবেদন দাখিলের সময়: |
| | ▶ মূল্যায়ন কমিটির চূড়ান্ত সভা অনুষ্ঠানের ৭ (সাত) দিনের মধ্যে ; |
| ৮৫(৩) | দুই পর্যায়বিশিষ্ট দরপত্র পদ্ধতির ক্ষেত্রে দ্বিতীয় পর্যায়ের দরপত্র প্রণয়ন ও দাখিলের সময়: |
| | ▶ ২১ (একুশ) দিন |
| | কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি প্রয়োগের মাধ্যমে পণ্য, কার্য, এবং ভৌতসেবা ক্রয়ের আর্থিক মূল্যসীমা: |
| ৯০(১) এবং ৯০(৬) | পরিচালন বাজেটের অধীন ক্রয়ের ক্ষেত্রে:<br>মন্ত্রণালয়/বিভাগের এবং অধিদপ্তর বা সংস্থার সদর দপ্তরের ক্ষেত্রে: |
| | ▶ পণ্যক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা ; তবে বৎসরে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) লক্ষ টাকা ;<br>▶ কার্য বা ভৌতসেবা ক্রয়ের জন্য প্রতিটি ক্ষেত্রে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা ;<br>[illegible] লক্ষ টাকা। |